**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ হোলি উৎসবে মেতে উঠেছে |**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনায় কলেজ ছাত্রীদের মধ্যে স্কুটি বিতরণ প্রদান অনুষ্ঠানের সূচনা করেন |**

**(৩) ত্রিপুরা ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটের পক্ষ থেকে 'লাপাতা লেডিস' সিনেমার গল্পকার, বিপ্লব গোস্বামীকে সংবর্ধনা প্রদান করা হয়।**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্লাব ক্রিকেটের আজ তিনটি খেলা হয় |**

**************************************************

## Holi Festival:

সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ হোলি উৎসবে মেতে উঠেছে। দোল পূর্নিমা উৎসব উপলক্ষ্যে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, আনন্দময়ী আশ্রম, লক্ষ্মীনারায়ন বাড়ি সহ রাজ্যের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে পূজা পাঠ-এর আয়োজন করা হয়েছে।

*************************

## Holi- President:

রঙের উৎসব হোলি উপলক্ষ্যে দেশবাসীকে হার্দিক শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, হোলি উৎসব ভারতের

মূল্যবান সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতীক। আনন্দের এই উৎসব ঐক্য, ভালোবাসা এবং সম্প্রীতির বার্তা দেয়। রাষ্ট্রপতি এই হোলি উৎসবে সবার জীবনে সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন।

************************

**CM Greetings:**

হোলি উৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, রাজন্য আমল থেকেই রাজ্যে রঙের উৎসব হোলি সাড়ম্বরে চিরাচরিত রীতিতে পালিত হচ্ছে। হোলি উৎসবে তিনি সবার জীবনে সুখ ও সমৃদ্ধি কামনা করেন|

স্বাস্থ্য সুরক্ষার বিষয়গুলিকে প্রাধান্য দিয়ে এবং অনাকাঙ্খিত ঘটনা যাতে না ঘটে সেদিকে নজর রেখে হোলি উৎসব উদযাপনের জন্য মুখ্যমন্ত্রী সবার প্রতি আহ্বান জানিয়েছেন|

************************

**Dol Utsav-Unakoti:**

কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে আজ মহকুমাভিত্তিক দোল উৎসব অনুষ্ঠিত হয়। কুমারঘাট পুর পরিষদ ও তথ্য-সংস্কৃতি দপ্তর আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। তিনি দোলযাত্রার ধর্মীয় তাৎপর্য ও জনজীবনে এর গুরুত্ব নিয়ে আলোকপাত করেন।

বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর, কুমারঘাটের মহকুমা শাসক এন.এস.চাকমা প্রমুখ। সভাপতিত্ব করেন,কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস। পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

************************

**Distribution of Scooty under MKAY:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনায় ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নির্বাচিত কলেজ ছাত্রীদের মধ্যে স্কুটি বিতরণ প্রদান অনুষ্ঠানের সূচনা করেন| রাজ্যের সরকারী ডিগ্রী কলেজের ১৫ জন ছাত্রীর হাতে স্কুটির চাবি, হেলমেট ও প্রয়োজনীয় কাগজপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী। রাজ্য সরকার এই যোজনায় ২০২৩-২৪ শিক্ষাবর্ষের মোট ১৪০ জন মেধাবী কলেজ ছাত্রীর হাতে স্কুটি তুলে দেবার সিদ্ধান্ত নিয়েছে| অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মহিলাদের আত্মনির্ভর করার লক্ষ্যে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে| মহিলাদের ক্ষমতায়নে এটা রাজ্য সরকারের দৃঢ় পদক্ষেপ। চিফ মিনিস্টার স্পেশাল স্কলারশিপ চালুর বিষয়টিও তিনি উল্লেখ করেন|

#######Byte CM-Scholarship#######

তিনি বলেন, সরকারি স্টল বণ্টনে মহিলাদের জন্য ৫০ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা হয়েছে। মহিলাদের সুরক্ষায় আটটি জেলাতে মহিলা পরিচালিত থানা চালু করা হয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের উদ্যোগে বর্তমানে রাজ্যে ৫৩ হাজার ৬২৩টি সহায়ক দল রয়েছে। তাতে মহিলাদের সংখ্যা প্রায় ৪ লক্ষ ৮৪ হাজার।শহরে বর্তমানে প্রায় ৫৯৪১ টি স্বসহায়ক দল রয়েছে| তাতে ৬৩ হাজার ৭৪৩ জন মহিলা যুক্ত রয়েছেন। মহিলা স্বসহায়ক দলগুলিকে শক্তিশালী করার জন্য রাজ্য সরকার এখন পর্যন্ত প্রায় ৭৪৬ কোটি অর্থ বরাদ্দ করেছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী মাত্রু বন্দনা যোজনার অধীনে গর্ভবতী ও প্রসূতী মায়েদের স্বাস্থ্য ও পুষ্টির মান উন্নয়নের লক্ষ্যে আর্থিকভাবে সহায়তা করা হচ্ছে।তিনি রাজ্যে ICDS প্রকল্প, মাতৃ পুষ্টি উপহার প্রকল্প ও স্টার্টআপ প্রকল্প বাস্তবায়ন নিয়ে বিস্তারিত উল্লেখ করেন|

#######Byte CM ICDS#######

************************

**WAVES 2025:**

তথ্য ও সম্প্রচার মন্ত্রক আগামী ১লা থেকে ৪ঠা মে মুম্বাইয়ে ‘ওয়েভস-২০২৫’ শীর্ষক সম্মেলনের আয়োজন করতে চলেছে। ‘ওয়েভস-২০২৫’ বিশ্বব্যাপী মিডিয়া ও বিনোদন শিল্পকে একমঞ্চে আনতে চলেছে। এর মাধ্যমে সৃজনশীলতা, প্রযুক্তি ও মিডিয়ার সংযোগ এর মাধ্যমে পারস্পরিক সহযোগিতার এক নতুন পথ উন্মুক্ত হবে। সরকার মনে করছে, প্রযুক্তির উন্নয়ন ও মিডিয়ার ভূমিকার বিবর্তনকে সামনে রেখে এই সম্মেলন হবে এক নতুন দিগন্তের সূচনা, যা আন্তর্জাতিক স্তরে ভারতের মিডিয়া শিল্পকে আরও শক্তিশালী করবে।

নয়াদিল্লিতে গতকাল এনিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে তথ্য ও সম্প্রচার, রেল এবং বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব, বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী শ্রী দেবেন্দ্র ফড়নবিশ, তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান উপস্থিত ছিলেন। প্রায় ১00 জন বিদেশি রাষ্ট্রদূত ও হাই কমিশনার এই অনুষ্ঠানে অংশ নেন। বৈঠকে মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, বিশ্বের শীর্ষস্থানীয় প্রযুক্তি, মিডিয়া ও বিনোদন ব্যক্তিত্বদের এই সম্মেলনে আমন্ত্রণ জানানো হচ্ছে|

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব শ্রী সঞ্জয় জাজু বলেন, "‘ওয়েভস-২০২৫’ হল বিশ্ব মিডিয়া ও বিনোদন শিল্পের জন্য প্রথম সার্বিক প্ল্যাটফর্ম, যেখানে ঐতিহ্যবাহী এবং আধুনিক মিডিয়া একসঙ্গে কাজ করবে। বলেন ‘ওয়েভস এর লক্ষ্য হল, বিশ্বব্যাপী অংশীদারিত্ব গড়ে তোলা এবং ভারতের সমৃদ্ধ সংস্কৃতি ও প্রযুক্তিকে কাজে লাগিয়ে নতুন নতুন কনটেন্ট তৈরী করা।"

বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর বলেন, "‘ওয়েভস-২০২৫’ মিডিয়া ও বিনোদন শিল্পের ভবিষ্যৎ রূপরেখা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। শিল্পপতি,

সংশ্লিষ্ট সমস্ত অংশীদার, সৃজনশীল মানুষ এবং উদ্ভাবকদের একমঞ্চে আনবে এবং আলোচনা, সহযোগিতা ও নতুন দৃষ্টিভঙ্গি উপস্থাপনের সুযোগ মিলবে|

এই সামিটে থাকবে গ্লোবাল মিডিয়া ডায়ালগ, যেখানে মন্ত্রী ও নীতিনির্ধারকরা মিডিয়া ভবিষ্যতের নীতি নির্ধারণ করবেন। এছাড়া চিন্তাশীল ব্যক্তিত্বদের ধারণাকে, ওয়েভস প্রদর্শনী, ভারত প্যাভিলিয়ন, 'ওয়েভস-বাজার' এবং ওয়েভ-এক্সেলারেটর (WaveXcelerator)-এর মাধ্যমে মিডিয়া ক্ষেত্রে স্টার্ট-আপদের জন্য বিনিয়োগ এবং পরামর্শ পাওয়ার সুযোগ থাকবে।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

************************

**TFTI CM:**

ত্রিপুরা  ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটের পক্ষ থেকে আজ আগরতলায় ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান ফিল্ম একাডেমি অ্যাওয়ার্ড প্রাপ্ত  'লাপাতা লেডিস' সিনেমার গল্পকার, বিপ্লব গোস্বামীকে সংবর্ধনা প্রদান করা হয়|এই উপলক্ষে

আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা চলচিত্র শিল্পে বিপ্লব গোস্বামীর কাজের ভূয়সী প্রশংসা করেন|

লাপাতা লেডিসের গল্পকার বিপ্লব গোস্বামী আকাশবাণী আগরতলা কেন্দ্রে কাজ করার সময় থেকেই চলচ্চিত্রের প্রতি তার গভীর মনোনিবেশের বিষয়টিও উল্লেখ করেন|

উল্লেখ্য, শ্রীগোস্বামীকে সম্প্রতি রাজস্থানের জয়পুরে অনুষ্ঠিত ২৫তম ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান ফিল্ম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে 'লাপাতা লেডিস' হিন্দি ফিল্মের জন্য দ্য পপুলার ক্যাটাগরিতে বেস্ট স্টোরি পুরস্কারে ভূষিত করা হয়েছে।

************************

**District Mobile Forensic Van:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে আয়োজিত এক অনুষ্ঠানে তিন কোটি ২৫ লক্ষ টাকা ব্যয়ে কেনা পাঁচটি মোবাইল ফরেন্সিক ভ্যানের যাত্রার সূচনা করেন। বর্তমানে রাজ্যে এধরনের তিনটি ভ্যান চালু রয়েছে|অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, কোন জায়গায় অপরাধ সংঘটিত হলে সেখান থেকে এই সমস্ত ফরেনসিক মোবাইল ভ্যানের মাধ্যমে সংগৃহিত তথ্য তদন্ত কার্যে খুবই সহায়ক হবে| অনুষ্ঠানে রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন, তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী, ত্রিপুরা ফরেনসিক বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

************************

**Hotel- Mou:**

আগরতলায় পুরাতন রাজভবনের জায়গায় গড়ে তোলা হবে তাজ পুষ্পবন্ত প্যালেস নামে বিলাসবহুল হোটেল। এর জন্য আজ মূখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার

মানিক সাহার উপস্থিতিতে দক্ষিণ ভারতের ইন্ডিয়ান হোটেলস কোম্পানি লিমিটেডের সঙ্গে চুক্তি সাক্ষর করেছে রাজ্য সরকার। চুক্তিপত্রে সাক্ষর করেছেন রাজ্য সরকারের পক্ষে শিল্প ও বানিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে এবং হোটেল কোম্পানির পক্ষে জেনারেল ম্যানেজার জয়ন্ত দাস। পুষ্পবন্ত প্যালেসের ৭ দশমিক ৭৮ একর জমিতে ২৫0 কোটি টাকা ব্যয়ে এই হোটল তৈরি করা হবে।

************************

**H/S EXAM:**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চতর মাধ্যমিক পরীক্ষার আজ ছিল ভূগোল বিষয়ের পরীক্ষা। রাজ্যের মোট ৬0টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রে আজ পরীক্ষায় বসেছে ১,৬৬১ জন পরীক্ষার্থী। আগামী ১৭ মার্চ উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় সংস্কৃত, স্ট্যাটিস্টিক্স এবং আরবিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

************************

**T-20 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২0 ক্লাব ক্রিকেটের আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব ৫ উইকেটে হার্ভে ক্লাবকে এবং ওল্ড প্লে সেন্টার ৭৭ রানে ইউনাইটেড বি এস টি'কে পরাজিত করে। অপরদিকে, মেলাঘরের মাঠে একমাত্র খেলায় মৌচাক ক্লাব ১৯ রানে চলমান সংঘকে হারিয়ে দেয়।

************************

**Vijji Trophy:**

ভিজ্জি ট্রফি সর্বভারতীয় আন্ত: জোন মহাবিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে পশ্চিম জোন খেলবে দক্ষিণ জোনের বিরুদ্ধে। ১৬ মার্চ ফাইনাল খেলাটি হবে। আজ আসরের লিগ পর্যায়ের শেষ দুটি খেলা হয়। এতে এম বি বি স্টেডিয়ামে দক্ষিণ জোন ৫ উইকেটে উত্তর জোনকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে পশ্চিম জোন ৭৬ রানে পূর্ব জোনকে পরাজিত করে।

***********************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলা ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি ও ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর|

***********************

***********************